البنكية الإسلامية
EBL Islamic Banking

**Head Office:** 100 Gulshan Avenue, Dhaka 1212

Date (তারিখ) D D M M Y Y Y Y

# ইসলামিক মেয়াদী হিসাব খোলার আবেদন ফরম
## Islamic Term Account Opening Form (AOF)

☐ Individual (ব্যক্তিক) ☐ Non-Individual (অ-ব্যক্তিক)

Eastern Bank PLC.

**(For Bank use only)**

Account No. (হিসাব নম্বর)

Unique Customer ID (ইউনিক গ্রাহক আইডি নম্বর)

Branch Manager/In-charge
Eastern Bank PLC.
... ... ... ... ... ... ... ... ... ... ...

Dear Sir,

I / We are hereby applying to open the following Islamic Term Deposit account at your Islamic Banking Window / Branch. My/ our account related information and institutional & personal information are given below in details:

প্রিয় মহোদয়, আমি/আমরা আপনার ইসলামিক ব্যাংকিং উইন্ডো/শাখায় নিম্নবর্ণিত ইসলামিক মেয়াদী জমা হিসাব খোলার জন্য আবেদন করছি। আমার/আমাদের হিসাব সংক্রান্ত এবং প্রাতিষ্ঠানিক ও ব্যক্তিগত বিস্তারিত তথ্য নিম্নে প্রদান করছি ঃ

## First Part: Account Related Information (প্রথম অংশ ঃ হিসাব সংক্রান্ত তথ্য)

Instruction: Please, mark tick (✓) or fill in the blank, where applicable. [নির্দেশনা ঃ প্রযোজ্য অংশে টিক (✓) দিন অথবা শূন্যস্থান পূরণ করুন]

1. Account Title (in English Block Letter)

   হিসাবের শিরোনাম (বাংলায়)

2. Type of Account (হিসাবের প্রকৃতি)
   - ☐ EBL ITD (ইবিএল ইসলামিক মেয়াদী জমা হিসাব) Islamic Term Deposit Account
   - ☐ EBL IMP (ইবিএল ইসলামিক মাসিক মুনাফা স্কিম) Islamic Monthly Profit Scheme
   - ☐ Other ____________________

   Profit Sharing Ratio for Mudarabah Account
   মুদারাবাভিত্তিক হিসাবের ক্ষেত্রে মুনাফা বন্টনের হার
   Bank (ব্যাংক) | Depositor (গ্রাহক)
   Weightage: (ওয়েটেজ)
   [এই অংশ সংশ্লিষ্ট ব্যাংক কর্মকর্তা গ্রাহকের সম্মুখে পূরণ করবেন।]

   Tenor of Account (হিসাবের মেয়াদ): 1 Month (১ মাস) | 3 Month (৩ মাস) | 6 Month (৬ মাস) | 1 Year (১ বছর) | 2 Year (২ বছর) | 3 Year (৩ বছর)

   Other tenor ........................ Date of Maturity (মেয়াদ পূর্তির তারিখ) D D M M Y Y Y Y

   Amount of Deposit (জমার পরিমাণ) In word (কথায়)

   In case of Renewal (নবায়নের ক্ষেত্রে)
   - ☐ Renew Principal & Profit — আসল এবং মুনাফা নবায়ন করুন।
   - ☐ Renew Principal only, credit profit to link account — শুধু আসল নবায়ন করুন, মুনাফা লিংক হিসাবে জমা করুন।
   - ☐ Not Renewable — নবায়নযোগ্য নয়।

   [There is no objection to apply existing Pofit Rate at the time of every renewal]
   [প্রত্যেক নবায়নের ক্ষেত্রে সে সময়ে চলমান মুনাফার হার কার্যকর করায় কোন আপত্তি নেই।]

3. Account Operating Instruction (হিসাব পরিচালনা পদ্ধতি)
   ☐ Signly (এককভাবে) ☐ Jointly (যৌথভাবে) ☐ Any One (যে কোন একজন) ☐ Either or Survivor (যে কোন একজন অথবা জীবিতজন) ☐ Others (অন্যান্য) ........................................

4. Currency (হিসাব খোলার মুদ্রা)
   ☐ Taka (টাকা) ☐ USD (মার্কিন ডলার) ☐ Euro (ইউরো) ☐ Pound (পাউন্ড) ☐ Others ............................

5. Link A/C Number for Debit/Credit (ডেবিট/ক্রেডিটের জন্য লিংক অ্যাকাউন্ট নম্বর)
   (With Authorization to debit &/or Credit) (বিকলন এবং/অথবা আকলন করার অনুমতিসহ)

## Second Part: Institution Related Information (দ্বিতীয় অংশ ঃ প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য)

If the Non-Individual Depositor does not have an Islamic CASA with EBL, each Operator shall fill a separate 'Customer Information Form' (CIF) and an additional account opening contract (for current/savings) titled **"Contract and General Rules and Terms & Conditions for EBL Islamic Banking Account"** to be signed.

অ-ব্যক্তিক জমাকারীর নামে ইবিএল-এ কোনো ইসলামিক সঞ্চয়ী/চলতি অ্যাকাউন্ট না থাকলে মেয়াদী হিসাবের পরিচালনাকারী(গণ) প্রত্যেককে পৃথক **'গ্রাহক সংক্রান্ত তথ্য'** ফরম পূরণ করতে হবে এবং অতিরিক্ত (চলতি/সঞ্চয়ী) হিসাব খোলার চুক্তিপত্র **'ইবিএল ইসলামিক ব্যাংকিং হিসাবের চুক্তিপত্র এবং সাধারণ নিয়ম ও শর্তাবলি'**-তে স্বাক্ষর করতে হবে।

1. Institution's Name (in Block Letter)

   প্রতিষ্ঠানের নাম (বাংলায়)

2. Trade License No. (ট্রেড লাইসেন্স নম্বর) Date / / Issuing Authority

3. Registration No. (নিবন্ধন নম্বর) Date / / Issuing Authority & Country

   Registered Address (নিবন্ধনকৃত ঠিকানা)

4. VAT Reg. No./BIN (ভ্যাট রেজি:/বিআইএন) 5. e-TIN (if any)

6. Business/Office Address (ব্যবসাস্থল/অফিসের ঠিকানা)

   Post Code

7. Type of Institution (প্রতিষ্ঠানের ধরন) (Mark tick) (টিক দিন)
   ☐ Sole Proprietorship (একক মালিকানা) ☐ Partnership (অংশীদারী) ☐ Joint Venture (যৌথ উদ্যোগ) ☐ Pvt. Ltd. (প্রাইভেট লিঃ) ☐ Public Ltd. (পাবলিক লিঃ) ☐ Trust (ট্রাস্ট) ☐ NGO/NPO (এনজিও/এনপিও)
   ☐ Club/ Society (ক্লাব/সোসাইটি) ☐ Educational Inst. (শিক্ষা প্রতিষ্ঠান) ☐ Religious Entity (ধর্মীয় প্রতিষ্ঠান) ☐ Govt./Semi Govt./Autonomous (সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত) ☐ Others (অন্যান্য) ................

8. Type of Business (ব্যবসায়ের ধরন)
   ☐ Trading (ট্রেডিং) ☐ Services (সেবা) ☐ Manufacturing (উৎপাদন) ☐ Others (অন্যান্য) ..........................................

9. Nature of Business (in details) (ব্যবসায়ের প্রকৃতি) (বিস্তারিত)

10. Annual Turnover (বার্ষিক টার্নওভার)

11. FATCA Declaration (FATCA বিষয়ক ঘোষণা) (Mark tick) (টিক দিন)

    Does the Entity's parent/sister Entity registered in the US? Or, are any of its directors citizens of the US?
    এর মূল/সহ প্রতিষ্ঠান কি যুক্তরাষ্ট্রে নিবন্ধিত? বা এর কোনো পরিচালক কি যুক্তরাষ্ট্রের নাগরিক?
    ☐ YES/হ্যাঁ ☐ NO/না [উত্তর 'হ্যাঁ' হলে Foreign Account Tax Compliance Act (FATCA) পরিপালনকল্পে পৃথক ফরম পূরণ করতে হবে।]

Signature of Account Opening Officer

## Third Part: Individual Related Information [1] (তৃতীয় অংশ ঃ ব্যক্তি সংক্রান্ত তথ্য)

1. Name of AC Holder/Operator (হিসাবধারী/পরিচালনাকারীর নাম)
2. My Account Number to take Individual Related Information (ব্যক্তি সংক্রান্ত তথ্য গ্রহণের জন্য আমার হিসাব নম্বর) — My Customer ID No. (আমার গ্রাহক আইডি নম্বর)
3. Relationship with the Account (হিসাবের সাথে সম্পর্ক)
   - ☐ Sole Owner একক মালিক
   - ☐ 1st Applicant ১ম আবেদনকারী
   - ☐ 2nd Applicant ২য় আবেদনকারী
   - ☐ 3rd Applicant ৩য় আবেদনকারী
   - ☐ Beneficial Owner বেনেফিসিয়াল ওনার
   - ☐ Minor নাবালক
   - ☐ Guardian অভিভাবক
   - ☐ Attorny Holder আমমোক্তার অধিকারী
   - ☐ Signatory স্বাক্ষরকারী
   - ☐ Others অন্যান্য ..............................

## Fourth Part: Information of Nominee [2] (চতুর্থ অংশ ঃ নমিনি সংক্রান্ত তথ্য)

Account No. (হিসাব নম্বর)

Photo of Nominee attested by AC holder

হিসাবধারী কর্তৃক সত্যায়িত নমিনির ছবি

**1.** I/We nominate the following person to receive the balance held in my/our account after my/our death. I/We retain the right to cancel or change this nomination at any time. I/We hereby also accord my/our consent that the Bank shall pay as per my/our instruction and if the money is paid, all the liabilities related to the deposit will be considered paid according to Section 103 of Bank Company Act, 1991.
(আমি/আমরা এ হিসাবের অর্থ আমার/আমাদের মৃত্যুর পর নিম্নে বর্ণিত ব্যক্তি/ব্যক্তিগণকে প্রদানের জন্য মনোনীত করলাম। আমি/আমরা উল্লিখিত মনোনয়ন যেকোন সময় বাতিল বা পরিবর্তনের অধিকার সংরক্ষণ করি। আমি/আমরা এই মর্মে আরো সম্মতি জ্ঞাপন করছি যে, আমার/আমাদের নির্দেশনা মোতাবেক ব্যাংক অর্থ প্রদান করবে এবং অর্থ পরিশোধ করা হলে সংশ্লিষ্ট আমানত সম্পর্কিত যাবতীয় দায় ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ১০৩ ধারা অনুযায়ী পরিশোধ হয়েছে বলে গণ্য হবে।)

A. Name of Nominee (নমিনির নাম)

Date of Birth (নমিনির জন্ম তারিখ) D D M M Y Y Y Y

B. Nominee's Address (নমিনির ঠিকানা)

C. Percentage of Nomination (শতকরা হার) %

D. Relationship with the AC Holder (হিসাবধারীরসাথে সম্পর্ক)

E. NID No./Passport No./Birth Reg. No./Others (Please Specify)
নমিনির জাতীয় পরিচয়পত্র নম্বর/পাসপোর্ট নম্বর/জন্মনিবন্ধন নম্বর/অন্যান্য (নির্দিষ্টভাবে উল্লেখ করুন)

F. Account No. if any, or, Customer ID (নমিনির হিসাব নম্বর, থাকলে, বা কাস্টমার আইডি) — Mobile Number

### In case of the Nominee is Minor (গ্রাহক অপ্রাপ্তবয়স্ক হলে)

**2.** Information of the guardian authorized to draw the deposit, if nominee is a minor and remains a minor during the death of account holder(s), according to Bank Company Act, 1991, Section 103(2):
(নমিনি নাবালক হলে তার/তাদের নমিনি থাকা অবস্থায় হিসাবধারী(গণ)-এর মৃত্যুর ক্ষেত্রে ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ১০৩(২) ধারা অনুযায়ী নমিনির পক্ষে জমাকৃত অর্থ গ্রহণকারীর তথ্য)

A. Name of Receiver (গ্রহণকারীর নাম)

B. Permanent Address (স্থায়ী ঠিকানা)

C. NID No./Passport No./Birth Reg. No./Others (Please Specify)
গ্রহণকারীর জাতীয় পরিচয়পত্র নম্বর/পাসপোর্ট নম্বর/জন্মনিবন্ধন নম্বর/অন্যান্য (নির্দিষ্টভাবে উল্লেখ করুন)

D. Relationship with the Nominee (নমিনির সাথে সম্পর্ক) (Mark tick/টিক দিন)
- ☐ Father (পিতা)
- ☐ Mother (মাতা)
- ☐ Legal Guardian (Relationship): (আইনগত অভিভাবক) (সম্পর্ক ..........................................................................................)

F. Account No. if any, or, Customer ID (গ্রহণকারীর হিসাব নম্বর, বা কাস্টমার আইডি) — Mobile Number

## Declaration and Signature [3] (ঘোষণা ও স্বাক্ষর)

I / We consciously declare that all above information are true. I / we will provide other concerned information / documents as per requirement of the Bank. I/We reaffirm that the terms and conditions described and applicable in our signed '**Contract and General Rules and Terms & Conditions for EBL Islamic Banking Account**' shall also be applied to the operation, profit sharing, early encashing and other matters of this account.

আমি/আমরা সজ্ঞানে ঘোষণা করছি যে, উল্লিখিত তথ্যাদি সত্য। আমি/আমরা ব্যাংকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য/দলিলাদি সরবরাহ করবো। আমি/আমরা পুনরায় সম্মতি দিচ্ছি যে, আমাদের স্বাক্ষরিত **'ইবিএল ইসলামিক ব্যাংকিং হিসাবের চুক্তিপত্র এবং সাধারণ নিয়ম ও শর্তাবলি'**-তে বর্ণিত ও প্রযোজ্য ধারাসমূহ এই হিসাবের পরিচালনা, মুনাফা বণ্টন, মেয়াদপূর্ব নগদায়ন এবং অন্যান্য ক্ষেত্রেও কার্যকর হবে।

| Applicant's Signature(s) আবেদনকারীর (গণের) স্বাক্ষর | Applicant (আবেদনকারী) | 2nd Applicant (২য় আবেদনকারী) | 3rd Applicant (৩য় আবেদনকারী) | 4th Applicant (৪র্থ আবেদনকারী) |
|---|---|---|---|---|
| Name (নাম) ঃ | | | | |
| Designation (পদবী) ঃ | | | | |
| Date (তারিখ) ঃ | | | | |

1. If the customer/guardian does not have a CASA with EBL, each of them shall fill a separate 'Customer Information Form' (CIF). If there are multiple account holders/operators, the Third Part for additional individuals can be provided on a separate page or CIF.
2. For multiple nominees, 'Information of Nominee' for each should be attached separately in the Fourth Part.
3. If the account holder is a minor, the Operating Guardian will sign in place of the applicant's signature.

Signature of Account Opening Officer

Account No. (হিসাব নম্বর)

# ইবিএল ইসলামিক মেয়াদী জমা বা ইবিএল ইসলামিক মাসিক মুনাফা স্কিম হিসাব পরিচালনার নিয়ম ও শর্তাবলি

## Terms and Conditions for operating EBL Islamic Term Deposit or EBL Islamic Monthly Profit Scheme Account

এই চুক্তিপত্র হিসাবধারী(গণ) ও ইস্টার্ন ব্যাংক পিএলসি. (ইবিএল)-এর মধ্যে মুদারাবা নীতিতে সম্পাদিত হলো; যার নিয়ম ও শর্তাবলি ইবিএল ইসলামিক ব্যাংকিং-এর সাথে হিসাব/অ্যাকাউন্ট পরিচালনার জন্য প্রযোজ্য। ইসলামিক ব্যাংকিং হিসাব খোলার আবেদন বা এই চুক্তিপত্রে স্বাক্ষর প্রদান এবং/অথবা চুক্তির কিউআর কোড ব্যবহার করে সম্মতি প্রদান এবং/অথবা ব্যাংকের বায়োমেট্রিক মেশিনে আঙুলের ছাপ প্রদান এবং/অথবা এই হিসাব পরিচালনা ও ব্যবহারের মাধ্যমে হিসাবধারী /হিসাব পরিচালনাকারী(গণ) এই চুক্তির সকল নিয়ম ও শর্তসমূহ এবং সময়ে সময়ে ব্যাংক কর্তৃক সংশোধিত নিয়ম ও শর্তসমূহ মেনে চলতে বাধ্য থাকার সম্মতি প্রদান করলেন।

This is a contract between account holder/s and Eastern Bank PLC. (EBL) under Mudarabah principle setting forth the terms and conditions (T&Cs) for opening account with EBL Islamic Banking. By signing the application for opening Islamic banking account or this contract and/or giving consent using QR code and/or pressing thumb in bio-matric machine of the Bank and/or using and operating this account, the customer/s agree/s to be bound by these terms and conditions, as amended by the Bank from time to time.

### এই হিসাব খোলা ও পরিচালনার সাধারণ নিয়ম ও শর্তাবলি

১.১ মুদারাবা নীতির ভিত্তিতে খোলা এই অ্যাকাউন্ট-এর জমাকারী গ্রাহক অ্যাকাউন্ট খোলার সময়ে সম্মত মুনাফা বণ্টন অনুপাত (পিএসআর) ও ওয়েটেজ অনুযায়ী বিতরণযোগ্য আয়-এর অংশ প্রাপ্য হবে। মেয়াদী জমা ও মাসিক মুনাফার হিসাব নবায়নের ক্ষেত্রে সে সময়ে চলমান/বিদ্যমান হার প্রযোজ্য হবে।

১.২ মুদারাবা নীতি এবং এর মুনাফা বণ্টন সম্পর্কিত ব্যাখ্যার জন্য ইসলামিক চলতি/সঞ্চয়ী হিসাব খোলার ফরমের সাথে সংযুক্ত নিয়ম ও শর্তাবলি দ্রষ্টব্য।

১.৩ ব্যাংক কর্তৃক আয় বণ্টনের সম্মত আনুপাতিক হার (পিএসআর) ও ওয়েটেজ পরিবর্তন করার পূর্ব পর্যন্ত একই থাকবে। পরিবর্তিত হলে নতুন হার ইতোমধ্যে খোলা মেয়াদী ও রিকারিং হিসাব ব্যতিত অন্যান্য মুদারাবাভিত্তিক হিসাবসমূহের জন্য প্রযোজ্য হবে।

১.৪ ব্যক্তিক জমাকারীর দ্বারা কোনো মেয়াদী বা রিকারিং ডিপোজিট অ্যাকাউন্ট খুলতে হলে জমাকারীর একক নামে অথবা যৌথ হিসাব খোলার ক্ষেত্রে উভয়ের যৌথ নামে বা যেকোনো একজনের নামে ইবিএল-এ ইসলামিক সঞ্চয়ী/চলতি অ্যাকাউন্ট (Islamic CASA) থাকা বাধ্যতামূলক।

১.৫ অ-ব্যক্তিক জমাকারীর নামে ইবিএল-এ কোনো ইসলামিক সঞ্চয়ী/চলতি অ্যাকাউন্ট না থাকলে মেয়াদী হিসাবের পরিচালনাকারী(গণ) প্রত্যেককে পৃথক 'গ্রাহক সংক্রান্ত তথ্য' (CIF) ফরম পূরণ করতে হবে এবং অতিরিক্ত (চলতি/সঞ্চয়ী) হিসাব খোলার চুক্তিপত্র 'ইবিএল ইসলামিক ব্যাংকিং হিসাবের চুক্তিপত্র এবং সাধারণ নিয়ম ও শর্তাবলি'-তে স্বাক্ষর করতে হবে।

১.৬ গ্রাহকের এক হিসাবের ডেবিট ব্যালেন্স অপর হিসাবের ক্রেডিট ব্যালেন্সের সাথে সমন্বয় করার অধিকার এবং হিসাবধারীর দায়-দেনা ও গ্যারান্টি পরিশোধের লক্ষ্যে যেকোনো হিসাবের স্থিতি নিরাপত্তা জামানত হিসেবে ব্যবহার করার অধিকার ব্যাংক সংরক্ষণ করে।

১.৭ গ্রাহকের বর্তমান মেয়াদী জমা হিসাব বা মাসিক মুনাফা স্কিম হিসাবের নমিনি একাধিক হলে প্রত্যেক নমিনির জন্য পৃথক 'নমিনি সংক্রান্ত তথ্য' ফরম পূরণ করতে হবে এবং নমিনির ছবি হিসাবধারী/ পরিচালনাকারী কর্তৃক সত্যায়িত হতে হবে।

১.৮ মেয়াদী জমা হিসাব, মাসিক মুনাফা হিসাব এবং অন্যান্য ধরনের ইসলামিক রিকারিং/ স্কিম হিসাবের বিপরীতে কোনো চেক ইস্যু করা হয় না।

১.৯ ব্যাংক বাংলাদেশ সরকার অথবা অন্য যথাযোগ্য কোনো কর্তৃপক্ষের নিয়ম ও আদেশ অনুযায়ী যেকোনো চার্জ, কর অথবা এক্সাইজ ডিউটি সংশ্লিষ্ট হিসাব থেকে আদায় করতে বাধ্য থাকবে।

১.১০ ব্যাংক কোনো হিসাব থেকে যাকাত বাবদ কোনো কর্তন/ আদায় করবে না। হিসাবের স্থিতি/ অর্জিত মুনাফার উপর যাকাত প্রদানের দায়িত্ব ডিপোজিটর বা অ্যাকাউন্ট হোল্ডারের।

১.১১ গ্রাহক কর্তৃক যেকোনো কারণে মেয়াদী জমা হিসাব ও রিকারিং/স্কিম হিসাব মেয়াদপূর্তির পূর্বে সম্পূর্ণ নগদায়ন বা আংশিক ডিপোজিটের উত্তোলন 'গ্রাহক কর্তৃক মুদারাবা চুক্তি ভঙ্গ' হিসেবে গণ্য করা হবে এবং এমন ক্ষেত্রে গ্রাহক আংশিক সময়ের জন্য মুনাফা দাবি করতে পারবে না। তদুপরি ব্যাংক বিশেষ বিবেচনায় এরূপ ক্ষেত্রে নির্ধারিত নীতিমালা অনুযায়ী পূর্বনির্ধারিত হার হ্রাস করে আংশিক সময়ের মুনাফা প্রদান করতে পারে অথবা কোনোই মুনাফা প্রদান করবে না।

১.১২ ব্যাংক ও হিসাবধারী(গণ) উভয় পক্ষ এই হিসাব খোলা, পরিচালনা, বন্ধ করা, নবায়ন, নগদায়ন, আংশিক উত্তোলন, নমিনি নিয়োগ, নমিনি পরিবর্তন অথবা হিসাবধারীর মৃত্যুতে নমিনির বরাবরে অর্থ প্রদান ইত্যাদি ক্ষেত্রে প্রচলিত আইন, ব্যাংকিং রীতি-অনুশীলন ও বিধি-বিধান মেনে চলতে বাধ্য রইল।

১.১৩ গ্রাহক কর্তৃক স্বাক্ষরিত সঞ্চয়ী/চলতি হিসাব খোলার চুক্তিপত্র 'ইবিএল ইসলামিক ব্যাংকিং হিসাবের চুক্তিপত্র এবং সাধারণ নিয়ম ও শর্তাবলি'-তে বর্ণিত এবং প্রযোজ্য ধারাসমূহ এই মেয়াদী হিসাবের জন্যও কার্যকর হবে।

১.১৪ হিসাব পরিচালনার ক্ষেত্রে বর্ণিত নিয়ম ও শর্তের ক্ষেত্রে কোনোরূপ অস্পষ্টতা দেখা গেলে বা নির্দেশনা না পাওয়া গেলে ব্যাংক কর্তৃপক্ষের ব্যাখ্যা/সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১.১৫ ইস্টার্ন ব্যাংক কর্তৃপক্ষ যেকোন সময় প্রয়োজন মনে করলে উল্লিখিত নিয়ম ও শর্তসমূহে যেকোন সংযোজন, বিয়োজন ও পরিবর্তন করতে পারবে, এবং গ্রাহক তা মেনে নিতে সম্মত থাকবে।

### মেয়াদী জমা হিসাব বা মাসিক মুনাফা স্কিম হিসাব খুলতে পারবে কে

২.১ প্রাপ্ত বয়স্ক, সুস্থ মস্তিষ্ক সম্পন্ন এবং দেউলিয়া নয় এমন যেকোনো ধর্মের বা গোত্রের পুরুষ বা নারী বাংলাদেশী নাগরিক নিজের একক নামে অথবা যৌথ নামে ইসলামিক মেয়াদী/মাসিক মুনাফা স্কিম হিসাব খুলতে পারবে এবং এ সংক্রান্ত সেবা গ্রহণ করতে পারবে।

২.২ নির্দিষ্ট প্রোডাক্টের বৈশিষ্ট্য অনুসারে, নাবালকের পক্ষে পিতা/মাতা বা আইনসিদ্ধ অভিভাবক ব্যাংকিং রীতি অনুসরণ করে ইসলামিক মেয়াদী/মাসিক মুনাফা হিসাবের মতো অ্যাকাউন্ট খুলতে পারবে। পিতা/মাতা বা আইনগত অভিভাবক সে অ্যাকাউন্টের অপারেটর হিসেবে পরিগণিত হবে।

২.৩ প্রচলিত নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে একজন প্রবাসী বাংলাদেশী অথবা বিদেশি নাগরিকও ব্যাংক হিসাব খুলতে পারবে। প্রবাসী গ্রাহকের অ্যাকাউন্ট বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী পরিচালিত হবে। প্রবাসী গ্রাহক যদি স্থায়ীভাবে বসবাসের উদ্দেশ্যে দেশে ফিরে আসে তাহলে তা সাথে সাথে ব্যাংককে জানাবে। দেশ ত্যাগের পূর্বে লিখিতভাবে ব্যাংককে জানানোও প্রবাসী গ্রাহকের দায়িত্ব।

২.৪ নির্দিষ্ট প্রোডাক্টের বৈশিষ্ট্য অনুসারে, বাংলাদেশে রেজিস্ট্রিকৃত বা অনুমোদন-প্রাপ্ত যেকোনো কর্পোরেট বা ব্যবসায়িক প্রতিষ্ঠান/সংস্থা/ ক্লাব/ সোসাইটি/ সমবায় সমিতি/শিক্ষাপ্রতিষ্ঠান/ট্রাস্টি বা অনুরূপ প্রতিষ্ঠান প্রচলিত নিয়ম অনুসরণ করে ইবিএল ইসলামিক ব্যাংকিং-এ 'অ-ব্যক্তিক হিসাব' হিসেবে মেয়াদী জমা/মাসিক মুনাফা স্কিম হিসাব খুলতে পারবে।

### ইবিএল ইসলামিক টার্ম ডিপোজিট অ্যাকাউন্ট-এর বিশেষ নিয়ম ও শর্ত

৩.১ মেয়াদপূর্তিতে সাময়িক হার অনুযায়ী মুনাফা প্রদেয় হবে। প্রত্যেক হিসাব-বছর শেষে পিএসআর এবং ওয়েটেজ অনুযায়ী মুনাফার হিসাব চূড়ান্ত করা হবে।

৩.২ নবায়নযোগ্য ইসলামিক টার্ম ডিপাজিট হিসাবের মেয়াদ স্বয়ংক্রিয়ভাবে পূর্ববর্তী একই মেয়াদের জন্যই নবায়ন হবে যে মেয়াদের জন্য এটি খোলা হয়েছিল। উদাহরণস্বরূপ, তিন মাসের একটি ইসলামিক টার্ম ডিপাজিট শুধুমাত্র তিন মাসের মেয়াদের জন্যই নবায়ন করা যেতে পারে। প্রত্যেক নবায়নের ক্ষেত্রে ঐ সময়ে চলমান ও কার্যকর মুনাফা বণ্টন হার এবং ওয়েটেজ প্রযোজ্য হবে।

৩.৩ জমাকারী এই টার্ম ডিপোজিটের রিসিট (ITDR) সঠিকভাবে ও যত্ন সহকারে সংরক্ষণ করবে। রিসিট হারিয়ে গেলে বা নষ্ট হয়ে গেলে পরবর্তীতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য ডিপোজিটর অবশ্যই ব্যাংককে অবহিত করবে। ব্যাংকের বিদ্যমান নিয়ম অনুযায়ী প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা পরিপালন করে 'ডুপ্লিকেট' রিসিট ইস্যু করা যেতে পারে। যদি ডিপোজিটর বিষয়টি যথাসময়ে ব্যাংককে অবহিত করতে ব্যর্থ হয়, সেক্ষেত্রে জালিয়াতি বা প্রতারণার মাধ্যমে উক্ত টার্ম ডিপোজিটের বিপরীতে টাকা উত্তোলন করা হলে ব্যাংক কোনোভাবেই দায়ী থাকবে না।

### ইবিএল ইসলামিক মাসিক মুনাফা স্কিম-এর বিশেষ নিয়ম ও শর্ত

৪.১ প্রত্যেক মাসের শেষে এবং মেয়াদ শেষে প্রচলিত সাময়িক হার অনুযায়ী প্রাপ্য মুনাফা গ্রাহকের নির্দেশনা অনুযায়ী সংযুক্ত চলতি/সঞ্চয়ী হিসাবে (প্রযোজ্য আয়কর কর্তনপূর্বক) স্থানান্তর করা হবে। প্রত্যেক হিসাব বছরশেষে পিএসআর এবং ওয়েটেজ অনুযায়ী মুনাফার হিসাব চূড়ান্ত করা হবে।

৪.২ হিসাব খোলার সময় স্বয়ংক্রিয়ভাবে নবায়নের অপশন প্রদান না করা হলে মেয়াদশেষে সমুদয় স্থিতি সংযুক্ত চলতি/সঞ্চয়ী হিসাবে জমা করা হবে। আর অপশন প্রদান করা থাকলে মেয়াদ শেষ হওয়ার পরবর্তী কর্মদিবসে হিসাবটি পরবর্তী একই মেয়াদের জন্য স্বয়ংক্রিয়ভাবে নবায়ন হয়ে যাবে। নবায়নের ক্ষেত্রে ঐ সময়ে কার্যকর সাময়িক হার, মুনাফা বণ্টন হার (পিএসআর) এবং ওয়েটেজ প্রযোজ্য হবে।

৪.৩ এই ডিপোজিটের রিসিট ডিপোজিটকারী সঠিকভাবে ও যত্ন সহকারে সংরক্ষণ করবে। রিসিট হারিয়ে গেলে বা নষ্ট হয়ে গেলে ইসলামিক টার্ম ডিপোজিটের সংশ্লিষ্ট বিধান (উপরে বর্ণিত ৩.৩ অনুচ্ছেদ) প্রযোজ্য হবে।

৪.৪ এই ডিপোজিট হিসাব থেকে আংশিক উত্তোলন করার সুবিধা প্রদান করা হবে না।

# হিসাব পরিচালনার নিয়ম ও শর্তাবলি

## উত্তোলন সুবিধা সংক্রান্ত নীতিমালা

৫.১ গ্রাহক যদি একান্তই মুদারাবাভিত্তিক মেয়াদী হিসাব থেকে মেয়াদ শেষ হওয়ার পূর্বে আংশিক ডিপোজিট উত্তোলন করতে চায়, সেক্ষেত্রে নির্ধারিত আবেদনপত্র পূরণ করে (এককালীন ফিস প্রযোজ্য) ব্যাংকে জমা দিবে।

৫.২ মূল জমার পরিমাণ এক লক্ষ বা তদূর্ধ্ব পরিমাণ থাকলে জমার ৮০% তবে অনধিক ২০ লক্ষ পরিমাণ টাকা উত্তোলনের আবেদন করা যাবে। বিশেষ অনুমতিক্রমে ব্যাংক জমার ৯০% তবে সর্বোচ্চ ২৫ লক্ষ পরিমাণ পর্যন্ত টাকা দিতে পারে।

৫.৩ উত্তোলনকৃত অংশের জন্য ব্যাংক পরবর্তী সময়ে কোনো মুনাফা প্রদান করবে না, তবে বাকি অংশের জন্য মুনাফা প্রদান করবে; অবশ্য এ জন্য ব্যাংক মুনাফার হার কমিয়ে দিতে পারে।

৫.৪ উত্তোলিত অংশ শুধু গ্রাহকের হিসাবে জমা করা হবে। অর্থাৎ উত্তোলন সুবিধা নগদ আকারে প্রদান করা হবে না।

৫.৫ ইসলামিক টার্ম ডিপোজিট হিসাবের ক্ষেত্রে ১ মাস ও ৩ মাস মেয়াদী হিসাব থেকে এক মেয়াদে মাত্র একবার উত্তোলন সুবিধা গ্রহণ করা যাবে। পূর্বের উত্তোলন সম্পূর্ণ সমন্বয় বা ফেরত প্রদান সাপেক্ষে ৬ মাস ও ১ বছর মেয়াদী জমা হিসাব থেকে দুইবার এবং ১ বছরের বেশি মেয়াদী জমা হিসাব থেকে তিনবার উত্তোলন সুবিধা গ্রহণ করা যাবে।

৫.৬ রিকারিং ডিপোজিট বা ডিপিএস জাতীয় হিসাবের ক্ষেত্রে প্রোডাক্টের বৈশিষ্ট্যের বিবরণে অনুমতি থাকলে সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী জমাকৃত ডিপোজিট থেকে পুরো মেয়াদের মধ্যে গ্রাহক মাত্র একবার আংশিক উত্তোলন সুবিধা ভোগ করতে পারবে।

৫.৭ ইসলামিক টার্ম ডিপোজিট হিসাবের ক্ষেত্রে উত্তোলনকৃত সম্পূর্ণ টাকা মেয়াদপূর্তির পূর্বে যেকোনো সময়ে এককালীন ফেরতযোগ্য, কিস্তিতে নয়। উত্তোলিত টাকা নির্দিষ্ট মেয়াদের মধ্যে ফেরত জমা না দিলে মেয়াদশেষে হিসাবটি বন্ধ হয়ে যাবে এবং স্থিত টাকা সংশ্লিষ্ট মুনাফাসহ গ্রাহকের লিংক হিসাবে জমা হয়ে যাবে; হিসাবটি অটো রিনিউয়াল করা থাকলেও।

৫.৮ ইবিএল ইসলামিক মাসিক মুনাফা, ইবিএল কাফেলা, ইবিএল মহর, ইবিএল বন্ধন, প্রভৃতি হিসাব থেকে আংশিক উত্তোলন সুবিধা প্রদান করা হয় না।

## মেয়াদপূর্ব নগদায়নের নীতিমালা

৬.১ সাধারণভাবে মেয়াদী জমা হিসাব মেয়াদপূর্তির আগে ভাঙানো যায় না। তদুপরি, গ্রাহক যদি একান্তই মুদারাবাভিত্তিক মেয়াদী হিসাব নির্দিষ্ট মেয়াদের পূর্বে ভাঙাতে বা সম্পূর্ণ নগদায়ন করতে চায়, সেক্ষেত্রে তা 'গ্রাহক কর্তৃক মুদারাবা চুক্তি ভঙ্গ' হিসেবে গণ্য করা হবে এবং এমন ক্ষেত্রে গ্রাহক আংশিক সময়ের জন্য মুনাফা দাবি করতে পারবে না। তবে ব্যাংক বিশেষ বিবেচনায় মুনাফা বন্টনের লক্ষ্যে নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণ করবে।

৬.২ স্বয়ংক্রিয়ভাবে নবায়নকৃত হিসাব পরবর্তী মেয়াদ পূর্তির পূর্বে নগদায়নের ক্ষেত্রেও একই নীতি কার্যকর হবে।

## ইবিএল ইসলামিক টার্ম ডিপোজিট হিসাব মেয়াদপূর্ব নগদায়ন

৬.৩ ১ মাস এবং ৩ মাস মেয়াদী জমা হিসাব নগদায়নের ক্ষেত্রে কোন মুনাফা প্রদান করা হবে না।

৬.৪ ৬ মাস এবং তদূর্ধ্ব মেয়াদী জমা হিসাব ৯০ দিনের পূর্বে কোন মুনাফা প্রদান করা হবে না।

৬.৫ ৬ মাস এবং তদূর্ধ্ব মেয়াদী জমা হিসাব ৯০ দিনের পরে সাধারণ ইসলামিক সেভিংস অ্যাকাউন্টের হার অনুযায়ী মুনাফা প্রদান করা হবে।

## ইবিএল ইসলামিক মাসিক মুনাফা স্কিম হিসাব মেয়াদপূর্ব নগদায়ন

৬.৬ হিসাব খোলার পর ৯০ দিন পূর্ণ হওয়ার পূর্বে কোন মুনাফা প্রদান করা হবে না।

৬.৭ হিসাব খোলার ৯০ দিন পরে সাধারণ ইসলামিক সেভিংস অ্যাকাউন্টের হার অনুযায়ী মুনাফা প্রদান করা হবে।

৬.৮ মেয়াদপূর্ব নগদায়নের ক্ষেত্রে পূর্ববর্তী মাসসমূহে প্রদত্ত মুনাফা আসলের সাথে সমন্বয় করে অবশিষ্ট অর্থ লিংক হিসাবে জমা করা হবে।

## বিশেষ দ্রষ্টব্য

৭.১ হিসাব-বছর সমাপ্তি/অডিট সনদ প্রাপ্তির পূর্বে হিসাব বন্ধ করার ক্ষেত্রে প্রদত্ত সাময়িক হার-ই প্রকৃত এবং চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে। পরবর্তীতে ব্যাংক বা ডিপোজিটরের কেউ কোনো ধরনের সমন্বয়ের দাবি করতে পারবে না।

৭.২ মুদারাবা নীতিতে পরিচালিত হিসাব খোলার এই আবেদন ফরম এবং চুক্তিপত্রটি নিয়ম ও শর্তাবলি সহকারে সর্বমোট ৪ (চার) পৃষ্ঠায় বর্ণিত ও লিখিত হলো।

## Declaration and Signature (ঘোষণা ও স্বাক্ষর)

১. আমি/আমরা সজ্ঞানে ঘোষণা করছি যে, হিসাব খোলার ফরমে প্রদত্ত তথ্যাদি সত্য। আমি/আমরা এই ফরম এবং সংযুক্ত চুক্তিপত্রে উল্লিখিত নিয়ম ও শর্তসমূহ পুরোটাই পড়েছি এবং সম্পূর্ণভাবে বুঝতে সক্ষম হয়েছি। এই চুক্তিপত্রে বর্ণিত নিয়ম ও শর্তসমূহ এই হিসাবের পাশাপাশি আমার/আমাদের নামে অতীতে/ভবিষ্যতে খোলা ইসলামিক ব্যাংকিং হিসাবগুলো পরিচালনার জন্যও (প্রযোজ্য ক্ষেত্রে) সমান্তরালভাবে মেনে চলতে সম্মত রয়েছি। উল্লিখিত নিয়ম ও শর্তসমূহে ব্যাংক কর্তৃক সময়ে সময়ে আনীত/সাধিত সংশোধনী ও সংযোজনীও আমি/আমরা যথাযথভাবে মেনে চলতে বাধ্য থাকবো।

২. আমি/আমরা এই মর্মে ঘোষণা প্রদান করছি যে, মানি লন্ডারিং প্রতিরোধ আইন ২০১২ ও (সংশোধন ২০১৫) এবং সন্ত্রাসবিরোধী আইন ২০০৯, (সংশোধন ২০১২ ও ২০১৩) সম্পর্কে সম্পূর্ণ আমি/আমরা সচেতন ও জ্ঞাত আছি। আমি/আমরা উল্লিখিত আইনসমূহের কোনো ধারার বিপরীত/ লঙ্ঘনপূর্বক কোনো কাজ বা লেনদেন সম্পাদন করবো না। আমি/আমরা এটাও অঙ্গীকার করছি যে, সময়ে সময়ে ব্যাংকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য/নথি প্রদান করবো।

| | Applicant (আবেদনকারী) | 2nd Applicant (২য় আবেদনকারী) | 3rd Applicant (৩য় আবেদনকারী) | 4th Applicant (৪র্থ আবেদনকারী) |
|---|---|---|---|---|
| Applicant's Signature(s) আবেদনকারীর (গণের) স্বাক্ষর | | | | |
| Name (নাম) ঃ | | | | |
| Designation (পদবী) ঃ | | | | |
| Date (তারিখ) ঃ | | | | |

## For Bank Use Only (শুধু ব্যাংকের ব্যবহারের জন্য)

Comments: ____________________

| | | | | | |
|---|---|---|---|---|---|
| SBS Code | | RM Code | | Product Tenor | |
| Risk Grade | | Deposit Code | | Nominnee's ID (1) | |
| SRM Code | | Unit Head Code | | Nominnee's ID (2) | |

Is the "Contract and General Rules and Terms & Conditions" collected? ☐ YES ☐ Not Required, because Customer has Islamic CASA with EBL
'ইবিএল ইসলামিক ব্যাংকিং হিসাবের চুক্তিপত্র এবং সাধারণ নিয়ম ও শর্তাবলি'

A/C Opening Officer ____________________ Checked & Authorizing By ____________________ Date ________
(Full sign & seal with name) BM/BOM/BSSM/Islamic RM/ BDM (Full sign & seal with name)